যুগান্তর

প্রিন্ট: ২৬ আগস্ট ২০২৫, ১১:০২ এএম

শিক্ষাঙ্গন

# জকসু ও সম্পূরক বৃত্তিসহ জবি ছাত্রশিবিরের ৫ দাবি

জবি প্রতিনিধি

প্রকাশ: ২৬ আগস্ট ২০২৫, ০৩:০০ এএম



জকসুর নীতিমালা অনুমোদেন ও সুনির্দিষ্ট রোডম্যাপ ঘোষণা এবং সম্পূরক বৃত্তি প্রদানসহ ৫ দাবিতে সংবাদ সম্মেলন করেছে জগন্নাথ বিশ্ববিদ্যালয় (জবি) শাখা ছাত্রশিবির।

সোমবার (২৫ আগস্ট) বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় শহীদ মিনারের সামনে এই সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়।

সংবাদ সম্মেলনে শাখা ছাত্রশিবিরের সেক্রেটারি আব্দুল আলিম আরিফ বলেন, জগন্নাথ বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার পর থেকেই অবহেলার স্বীকার হয়ে আসছে। আমরা আর বঞ্চনার স্বীকার হতে চাই না। আমরা প্রশাসনকে জানিয়ে দিতে চাই, আপনারা যত দ্রুত আমাদের দাবি বাস্তবায়ন করবেন তা ছাত্র এবং প্রশাসন উভয়ের জন্য ফলপ্রসূ হবে। আমরা চাই, বিশ্ববিদ্যালয় প্রশাসন যত দ্রুত সম্ভব এই দাবি মেনে নেয়।

তিনি বলেন, আমরা যে দাবি জানিয়েছি, তা দ্রুত সময়ে অবশ্যই বাস্তবায়ন যোগ্য। প্রশাসন চাইলে আমাদের এই দাবিগুলো বাস্তবায়নের বিষয়ে সর্বোচ্চ সহযোগিতা করবো। যদি আমাদের এই দাবিগুলো মেনে না নেওয়া হয় তাহলে কঠোর কর্মসূচিতে যেতে বাধ্য হবো।

উল্লেখিত দাবি সমূহ- বিশ্ববিদ্যালয় থেকে বিশেষ সিন্ডিকেট পরবর্তী সময়ে নীতিমালা ইউজিসির মাধ্যমে মন্ত্রণালয় থেকে আগামী ১৫ কার্যদিবসের মধ্যে বিধি আকারে বিশ্ববিদ্যালয়ের আইনে সংযুক্ত করে নিয়ে আসতে হবে; বিধি আকারে বিশ্ববিদ্যালয়ের কাছে আসা মাত্রই রোডম্যাপ ঘোষণা করে ৪৫ কার্যদিবসের মধ্যে নির্বাচনের আয়োজন করতে হবে; আগামী সাত কার্যদিবসের মধ্যে সম্পূরক বৃত্তির নীতিমালা সম্পন্ন করতে হবে; নীতিমালা সম্পন্ন করার পর ১৫ কার্যদিবসের মধ্যে বৃত্তি প্রাপ্তদের তালিকা প্রকাশ করতে হবে; বিশ্ববিদ্যালয় প্রশাসনকে ইউজিসি ও মন্ত্রণালয়ের সঙ্গে সমন্বয় করে অক্টোবর থেকে বৃত্তি কার্যক্রম শুরু করতে হবে।

X